**একই স্মারক নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.mos.gov.bd

নম্বর: ১৮.০০.০০০০.০১৭.২২.০০৩.২৪-৯২৭

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ১৫ অক্টোবর ২০২৪ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম, পাবনা, বরিশাল, সিলেট এবং রংপুরের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত স্থায়ী/অস্থায়ী পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পাশে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে অনলাইনে (http://mos.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা.বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়সসীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ফোরম্যান<br>গ্রেড-১১<br>টাকা ১২,৫০০-৩০,২৩০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৪ (চার) টি | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে যান্ত্রিক, শক্তি কৌশল, সিভিল বা অটোমোবাইল প্রকৌশলে ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ২. | ইনস্ট্রুমেন্ট অপারেটর<br>গ্রেড-১১<br>টাকা ১২,৫০০-৩০,২৩০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৫ (পাঁচ) টি | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে ইনফরমেশন টেকনোলজি-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৩. | হিসাবরক্ষক<br>গ্রেড-১৪<br>টাকা ১০,২০০-২৪,৬৮০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৪ (চার) টি | ক. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদভুক্ত কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ. কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৪. | ড্রাফটসম্যান<br>গ্রেড-১৪<br>টাকা ১০,২০০-২৪,৬৮০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৫ (পাঁচ) টি | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |
| ৫. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>টাকা ১০,২০০-২৪,৬৮০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ১৭ (সতের) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ শব্দ, ইংরেজি-৭০ শব্দ থাকতে হবে;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) বাংলা-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দ থাকতে হবে;<br>(ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬. | চিকিৎসা সহকারী<br>গ্রেড-১৪<br>টাকা ১০,২০০-২৪,৬৮০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৪ (চার) টি | ক. কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হতে ফার্মাসিস্ট বা প্যারামেডিক্স বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্স সার্টিফিকেট;<br>খ. সংশ্লিষ্ট পেশায় অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | রেফ্রিজারেটর মেকানিক<br>গ্রেড-১৫<br>টাকা ৯,৭০০-২৩,৪৯০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৫ (পাঁচ) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট। |
| ৮. | মেশিনিস্ট<br>গ্রেড-১৫<br>টাকা ৯,৭০০-২৩,৪৯০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৪ (চার) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট। |
| ৯. | মেকানিক<br>গ্রেড-১৫<br>টাকা ৯,৭০০-২৩,৪৯০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৪ (চার) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট। |
| ১০. | ইনস্ট্রুমেন্ট মেকানিক<br>গ্রেড-১৫<br>টাকা ৯,৭০০-২৩,৪৯০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৫ (পাঁচ) টি | ক. কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ-<br>অ. কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট; বা<br>আ. "এ" বা "বি" শ্রেণির তড়িৎ লাইসেন্স; বা<br>ই. IT বিষয়ক ট্রেড লাইসেন্সধারী হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১১. | ইলেকট্রিক ফিটার<br>গ্রেড-১৫<br>টাকা ৯,৭০০-২৩,৪৯০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৫ (পাঁচ) টি | ক. কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ-<br>অ. কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট; বা<br>আ. "এ" বা "বি" শ্রেণির তড়িৎ লাইসেন্স। |
| ১২. | মোটর ড্রাইভার<br>গ্রেড-১৫<br>টাকা ৯,৭০০-২৩,৪৯০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং মোটর ড্রাইভিং লাইসেন্সসহ ভারী যানবাহন চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৩. | গুদাম রক্ষক<br>গ্রেড-১৬<br>টাকা ৯,৩০০-২২,৪৯০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৪ (চার) টি | ক. কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ. কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ১৪. | হিট ট্রিটমেন্ট ওয়েল্ডার/স্মীথ<br>গ্রেড-১৭<br>টাকা ৯,০০০-২১,৮০০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৪ (চার) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্ত নাবিক প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১ (এক) বৎসরের ট্রেড কোর্স সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ১৫. | ট্রেসার<br>গ্রেড-১৭<br>টাকা ৯,০০০-২১,৮০০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৪ (চার) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট। |
| ১৬. | রোগী পরিচর্যাকারী<br>গ্রেড-১৭<br>টাকা ৯,০০০-২১,৮০০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০১ (এক) টি | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্যারামেডিক্স বিষয়ে সার্টিফিকেট। |
| ১৭. | টার্নার<br>গ্রেড-১৮<br>টাকা ৮,৮০০-২১,৩১০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৪ (চার) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট। |
| ১৮. | ফিটার<br>গ্রেড-১৮<br>টাকা ৮,৮০০-২১,৩১০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৪ (চার) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | ফায়ারম্যান<br>গ্রেড-১৯<br>টাকা ৮,৫০০-২০,৫৭০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০৪ (চার) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ জাহাজের ইঞ্জিন কক্ষে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২০. | গ্রন্থাগার পরিচর্যাকারী<br>গ্রেড-২০<br>টাকা ৮,২৫০-২০,০১০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থগার বা ফার্মে বই বাঁধাইয়ের কাজে অভিজ্ঞতা। |
| ২১. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>টাকা ৮,২৫০-২০,০১০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২৪ (চব্বিশ) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

২. **আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. ১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। [বিভাগীয় প্রার্থী অর্থ এরূপ কর্মচারী যিনি বাংলাদেশ মেরিন একাডেমির রাজস্বখাতে সৃষ্ট পদে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত]।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে৷

ঘ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা নিয়োগের যেকোন অবস্থায় নিয়োগ প্রক্রিয়া বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

চ. লিখিত পরীক্ষা এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

ছ. কারিগরি পদসমূহের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীকে উত্তীর্ণ হতে হবে।

জ. অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

ঝ. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://mos.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১৭ অক্টোবর ২০২৪ সকাল ১০:০০টা।**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **১৬ নভেম্বর ২০২৪ বিকাল ৪:০০টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১-২ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/-(তিনশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ৩৫/- টাকাসহ মোট ৩৩৫/-(তিনশত পঁয়ত্রিশ) টাকা, ৩-১৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা এবং ১৪-২১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/-(একশত বারো) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: MOS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **MOS ABCDEF**

Reply: **Applicant's Name**, Tk-335/223/112 will be charged as application fee. Your PIN is xxxxxxxx. To pay fee Type MOS<Space>Yes <Space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS: MOS<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: MOS YES xxxxxxxx**

**Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOS Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).**

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mos.teletalk.com.bd অথবা নৌপরিবহন মন্ত্রণালয়ের Website: www.mos.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে MOS<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: MOS Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: MOS<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: MOS Help PIN 12345678 & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও নৌপরিবহন মন্ত্রণালয়ের ওয়েবপোর্টাল (www.mos.gov.bd) এবং http://mos.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/mos ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.mos.gov.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজে https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject-এ Organization Name: MOS, Post Name:****, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

৫. উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

১৫/১০/২০২৪

মোসাঃ শুকরিয়া পারভীন
উপসচিব
ও
সদস্য-সচিব
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম, পাবনা, বরিশাল, সিলেট এবং রংপুরের
১১তম-২০তম গ্রেডভুক্ত পদে নিয়োগ/ পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান বিষয়ক কমিটি